যায়যায়দিন

তারিখ ... 21 JUN 2010 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৫ ...

# বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে ভ্যাট প্রত্যাহার দাবি

যাযাদি রিপোর্ট

বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে ভ্যাট প্রত্যাহারের দাবি জানিয়েছে উদ্যোক্তাদের সংগঠন বাংলাদেশ বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতি (এপিইউবি)। রোববার জাতীয় প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনে সংগঠনটি এ দাবি জানায়।

বক্তারা বলেন, প্রস্তাবিত ৪ দশমিক ৫ শতাংশ হারে ভ্যাট কার্যকর হলে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ব্যয় বেড়ে যাবে। সত্যিকার অর্থে প্রস্তাবিত ভ্যাট অভিভাবকদের ওপর পড়বে। ভ্যাটসহ বিগত বাজেটে আরোপিত ১৫ শতাংশ আয়করও বাতিলের দাবি জানানো হয়।

সংবাদ সম্মেলনে সমিতির চেয়ারম্যান ও তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা সি এম শফি সামি বলেন, ভ্যাট একটি ব্যবসা সংক্রান্ত বিষয়। বিশ্ববিদ্যালয় শিক্ষা সংক্রান্ত এবং মানবসম্পদ উন্নয়নে জড়িত, তাই ভ্যাট কোনোভাবে বিশ্ববিদ্যালয়ের ওপর প্রযোজ্য নয়। পৃথিবীর কোনো দেশের বিশ্ববিদ্যালয়ের ওপর ভ্যাট প্রয়োগ করা হয় না। চলতি ২০১০-১১ অর্থবছরের বাজেটে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ওপর ৪ দশমিক ৫ শতাংশ হারে ভ্যাট আরোপ করা হয়েছে উল্লেখ করে তিনি আরো বলেন, ছাত্র-বেতন বৃদ্ধির ওপর এটা বিরাট প্রভাব ফেলবে। সমিতির ভাইস চেয়ারম্যান আবুল কাশেম হায়দার অভিযোগ করেন বিএনপি, তত্ত্বাবধায়ক সরকার এবং আওয়ামী লীগ কোনো সরকারই শিক্ষার নামে সার্টিফিকেট বিক্রি করা অভিযুক্ত বিশ্ববিদ্যালয়গুলোর বিরুদ্ধে কার্যকর পদক্ষেপ নেয়নি।

বেসরকারি বিশ্ববিদ্যালয় শিক্ষার নামে বাণিজ্য করছে এবং তাই কেন এটা ব্যবসা প্রতিষ্ঠান নয়, সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে ওয়ার্ল্ড ইউনিভার্সিটির চেয়ারম্যান মান্নান চৌধুরী বলেন, সব বিশ্ববিদ্যালয় এক রকম নয়। সবাইকে এক কাতারে ঢালাওভাবে ফেলাও ঠিক নয়।